

## الآخر

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৭৪ তম নাম ‘الآخر’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الآخر’ শব্দের মূল ر - خ - ا, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২৫০ বার এসেছে। পরকাল, বিচারের দিন, পিছনে পড়া, অন্য একটি, অন্যান্য, অবকাশ, অন্ত ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الآخر অর্থ: ‘তিনিই অন্ত’।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

وَهُوَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ لَهُ الْحَمْدُ فِي الْأُولَى وَالْآخِرَةِ وَلَهُ الْحُكْمُ وَإِلَيْهِ تُرْجَعُونَ ﴿٧٠﴾

তিনিই আল্লাহ, তিনি ছাড়া কোন ইলাহ নেই। সমস্ত প্রশংসা তাঁর প্রথম (দুনিয়াতে) ও শেষে (আখেরাতে)। সার্বভৌমত্ব তাঁরই এবং তাঁর কাছেই ফিরিয়ে নেয়া হবে আমাদের। (সূরা আল কাসাস: আয়াত নং ৭০)

فَلِلَّهِ الْآخِرَةُ وَالْأُولَى ﴿٢٥﴾

প্রকৃতপক্ষে, শেষ (আখিরাত) ও প্রথম (ইহকাল) সবই আল্লাহর। (সূরা আন নাজম: আয়াত নং ২৫)

هُوَ الْأَوَّلُ وَالْآخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٣﴾

তিনিই প্রথম, তিনিই শেষ, তিনি প্রকাশ্য, তিনি গোপন এবং প্রতিটি বিষয়ে তিনি জ্ঞানী। (সূরা আল হাদিদ: আয়াত নং ৩)

**তিরমিজি শরীফের হাদীস:**

কারও মনে আখেরাতের ধারণা চিন্তা বন্ধমূল থাকলে আল্লাহ তার অন্তরের চাওয়া-পাওয়া থেকে তাকে মুক্ত করে দেন এবং তার অবস্থা এমন হয়ে যায় যে, সে দুনিয়া প্রাপ্তিতে অসম্মত অনিচ্ছুক হয়ে যায়। আর কারো

মনে দুনিয়ার চাওয়া-পাওয়ার ধারণা বন্ধমূল থাকলে, আল্লাহ তার চোখের সামনে দরিদ্র হওয়ার ভয় বুলিয়ে রাখেন এবং তার ব্যাপারে গুলো বিচ্ছিন্ন বিক্ষিপ্ত করে দেন, যদিও দুনিয়ায় সেটুকুই সে পায় যা তার জন্য আল্লাহর নির্ধারিত করে রেখেছেন।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আসুন, দুনিয়ার পিছনে আমরা না দৌড়াই। আখেরাতকে দুনিয়ার উপর প্রাধান্য দেই। কারণ দুনিয়ার জীবন ক্ষণস্থায়ী এবং আখেরাতের জীবন চিরস্থায়ী। আল্লাহর সাথে কাউকে আমরা শরিক না করি। হে আল্লাহ আমাদেরকে আখেরাতমুখী করো, আখেরাতে আমাদেরকে তোমার রহম দ্বারা সহায়তা করো।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা